

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৫৪

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الفَصَائِلِ وَالشَّمَائِلِ)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কারামাত সম্পর্কে বর্ণনা

الفصلُ الثالثُ (بَابُ الْكَرَامَاتِ)

আরবী

وَعَنْ أَبْنَى عَمْرَ أَنَّ عُمَرَ بَعَثَ جَيْشًا وَأَمْرَ عَلَيْهِمْ رَجُلًا يُدْعَى سَارِيَةَ فَبَيْنَمَا عُمَرُ يَخْطُبُ  
فَجَعَلَ يَصِحِّ : يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ لَقِيَنَا عَدُوًّا فَهَزَمُونَا فَإِذَا بِصَائِحٍ يَصِحِّ : يَا سَارِيَ  
الْجَبَلِ . فَأَسْنَدْنَا ظُهُورَنَا إِلَى الْجَبَلِ فَهَزَمْهُمُ اللَّهُ تَعَالَى رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي دَلَائِلِ النُّبُوَّةِ

اسناده ضعيف ، رواه البيهقي في دلائل النبوة (6 / 380) \* فيه محمد بن عجلان  
مدلس و عنعن وله طرق عند ابن عساكر (تاريخ دمشق 18 / 22 ، 19) وغيره وكلها  
ضعفية و مرسلة ، لا يصح منها شيء و اخطأ من صحة او حسنة !

বাংলা

৫৯৫৪-[১১] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। একবার 'উমার (রাঃ) একদল সৈন্য অভিযানে প্রেরণ করলেন। আর সারিয়াহ্ (ইবনু যানীম) নামক এক লোককে সে দলের প্রধান নিযুক্ত করলেন। তখন একদিন 'উমার (রাঃ)  
মসজিদে নাবাবীতে খুৎবা দিচ্ছিলেন। আকস্মাত তিনি খুত্বার মাঝখানে খুব উচ্চেঃস্থরে বলে উঠলেন, “হে সারিয়া  
আল জাবাল! এ ঘটনার কয়েকদিন পরে উক্ত সেনাদলের পক্ষ হতে একজন বার্তাবাহক মদীনায় আগমন করে  
বলল, হে আমীরুল মু’মিনীন! আমরা শক্রদের মুখোমুখি হলে (প্রথমে) তারা আমাদেরকে পরাজিত করে। এমন  
সময় হঠাৎ জনেক ঘোষণাকারীর ‘হে সারিয়া আল জাবাল উচ্চ শব্দ শুনতে পাই, তৎক্ষণাত আমরা (নিকটস্থ)  
পাহাড়টিকে পশ্চাতে রেখে শক্র সাথে লড়তে থাকি। অবশেষে আল্লাহ তা’আলা তাদেরকে পরাস্ত করেন।  
(বায়হাকী’র দালাইলুন নুরুওয়্যাহ্ গ্রন্থে)

ফুটনোট

‘সনদ হাসান: আস সুনানুল কুবরা লিল বায়হাকী ৬/৩৭০, সিলসিলাতুস সহীহাহ ১১১০।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এটা ছিল নাহারাওয়ান্দ যুদ্ধের ঘটনা।

(فَبَيْنَمَا عُمَرُ يَخْطُبُ) একদিন ‘উমার (রাঃ) খুৎবা দিচ্ছিলেন। অর্থাৎ, তিনি মাসজিদে নববীতে খুৎবা দিচ্ছিলেন উপস্থিত জনতার সম্মুখে যেখানে বড় বড় সম্মানিত সাহাবী ও তাবিঙ্গণ ছিলেন। তাদের মধ্যে উপস্থিত ছিলেন উসমান (রাঃ), ‘আলী (রাঃ), ঘটনাটি ছিল তার একটা সুস্পষ্ট কারামাত এবং তার খিলাফাত যে সত্য তার একটা সুস্পষ্ট প্রমাণ।

তিনি যুদ্ধক্ষেত্র দেখে সেনাপতিকে ডেকে বললেন, হে সারিয়াহ! পাহাড়ের দিকটা দেখ। আর তাকে পিছন দিকে রেখে যুদ্ধ কর। তার এ ডাক সকল যোদ্ধা শুনে সতর্ক হয়ে যুদ্ধ করেছিল। ফলে বিজয় পেয়েছিলেন মুসলিমগণ। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85930>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন